

যুগান্তর

তারিখ ..1.9 MAY 2007...
পৃষ্ঠা ৩৬ কলাম ...

১০৭/১০৮
১২

কেশবপুরে উত্তরপত্র জালিয়াতি

অধ্যক্ষসহ ৪ শিক্ষক জেলে : ১৫

শিক্ষার্থীকে পুলিশে সোপর্দ

কেশবপুর (যশোর) প্রতিনিধি
কেশবপুরে উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের 'এস এমসি' পত্রিকা
পত্রিকার উত্তরপত্র বাড়িতে রেখে নতুন উত্তরপত্র তৈরির
অভিযোগে গ্রেফতার অধ্যক্ষসহ ৪ শিক্ষককে রিমান্ড
শেয়ে শুক্রবার ভেলমজতে পাঠানো হয়েছে বলে
জানা গেছে। এদিকে যে ৫২ জন শিক্ষার্থীর উত্তরপত্র
পাওয়া যায় তার মধ্যে ১৫ জন শিক্ষার্থী শুক্রবার
বিজ্ঞান পরীক্ষার

অনুমতি নিতে গেলে ইউএনও খান মোঃ নূরুদ্দীন
আমীন তাদের পুলিশে সোপর্দ করেন বলে জানা
গেছে। ইউএনও জানান, তারা ৬ থেকে ১০ হাজার
টাকা দিয়ে নতুন উত্তরপত্র তৈরিতে জড়িত বলে
স্বীকার করেছে। পুলিশ তাদের জিজ্ঞাসাবাদ
করছে। এদিকে একটি নির্ভরযোগ্য সূত্রে জানা গেছে,
সোপর্দ : পৃষ্ঠা ১৫ : কলাম ৪

সোপর্দ : পুলিশে

(শেষ পৃষ্ঠার পর)

রিমান্ডে ৪ শিক্ষককে দফায় দফায় জিজ্ঞাসাবাদ করা হয়। এ ঘটনায় আরও শিক্ষক জড়িত বলে গ্রেফতার করা স্বীকার করেছেন। গ্রেফতারকৃত কেশবপুর কলেজিয়েট স্কুলের অধ্যক্ষ মোঃ সবেদ আলী বলেছেন, এর আগে তিনি জানামতে নেত্রী মুস্তাফিজুর রহমানকে নারীঘটিত কারণে শোকজ করায় এবং সার্টিফিকেট না থাকায় অফিস সহকারী আবদুল মান্নানকে চূড়ান্ত পত্র দেয়ায় তারা ষড়যন্ত্র করে তাকে ফাঁসিয়েছে।